



রূপগঞ্জ দুই গ্রুপের মুখোমুখি সংঘর্ষে যুবদল কর্মী গুলিবিদ্ধ



রূপগঞ্জ থানা। ছবি : সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে দুই পক্ষের সংঘর্ষে মো. মোমেন খাঁ (২৮) নামে এক যুবদল কর্মী গুলিবিদ্ধ ও ছুরিকাঘাতে আহত হয়েছেন। সোমবার (১১ মে) দুপুরে উপজেলার বরুনা বড় মসজিদ এলাকায় এ ঘটনা ঘটে।

গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে প্রথমে কাছের একটি হাসপাতালে নেন। পরে অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন।

আহতের স্ত্রী রিখী আক্তারের অভিযোগ, আওয়ামী লীগ সমর্থিত শফিক ও মাহিনের নেতৃত্বে একদল লোক তার স্বামীর ওপর হামলা চালায়। এতে মোমেন খাঁর ডান পায়ে উরুতে গুলি লাগে এবং বাঁ হাতে ছুরিকাঘাত করা হয়। ঘটনার পর হামলাকারীরা পালিয়ে যায় বলেও দাবি করেন তিনি।

পারিবারিক সূত্র জানায়, মোমেন খাঁ রূপগঞ্জের বরুনা এলাকার নুরুল খাঁর ছেলে এবং স্থানীয়ভাবে ব্যবসায়ী ও যুবদল কর্মী হিসেবে পরিচিত।

ঢামেক পুলিশ ক্যাম্পের পরিদর্শক মো. ফারুক জানান, গুলিবিদ্ধ অবস্থায় এক যুবককে হাসপাতালে আনা হয়েছে। তার শরীরে গুলি ও ছুরিকাঘাতের চিহ্ন রয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে জানানো হয়েছে।